2024

SRCMUJ

2nd Semester Examination

M.A.

Bengali

BNG-201

BNG-CBCS(201)

**বাংলা ভাষা ও সাহিত্যপাঠ (মধ্যযুগ)**

Time: 2 Hours

Full Marks: 40

(The figures in the margin indicate full marks. Candidates are required to give their own words as far as practicable.)

**ক) যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।** 2x4=8

১। "লহু লহু হাসে পহু পিরিতির সার" --লহু লহু বলতে কী বোঝানো হয়েছে? এখানে পহু কে?

২। "মন্দির বাহির কঠিন কবাট" পদ অনুসারে বর্ষার রাত্রে কৃষ্ণ কোথায় রয়েছেন? এটি কোন পর্যায়ের পদ?

৩। মধ্যবাংলার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৪। মধ্যভারতীয় আর্যভাষার বিস্তারকাল উল্লেখ করো।এ যুগের যেকোন একটি সাহিত্যিক নিদর্শন উল্লেখ করো।

৫।শিবের ভৃত্যের নাম কী? শিব কোন সময়ে চাষের কাজ শুরু করেছিলেন?

৬।বৃন্দাবন দাস রচিত "চৈতন্যভাগবত"-এর ভাগ এবং অধ্যায় সংখ্যা উল্লেখ করো।

**খ) যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** 4x5=20

১। 'পিয়া যব আওব এ মঝু গেহে'—পদটিতে দেহের দীপাধারে প্রেমের যে অনির্বাণ শিখা প্রজ্জ্বলিত হয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করো।

২। বাংলা ভাষার যুগবিভাগটি কালসীমা ধরে পরিস্ফুট করো।

৩। প্রাচীন ভারতীয় আর্যভাষার দুটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৪। রামেশ্বর ভট্টাচার্যের 'শিবসংকীর্তন' কাব্য অবলম্বনে হর-গৌরীর পারিবারিক জীবনের পরিচয় দাও।

P.Y.Q. 2024

৫। রামেশ্বর ভট্টাচার্যের কাব্যে উল্লিখিত বিভিন্ন পেশার পরিচয় দাও।

৬। "যেবা ভট্টাচার্য, চক্রবর্তী, মিশ্র সব/ তাহারা না জানে সব গ্রন্থ অনুভব"- পংক্তিটির উৎস নির্দেশ করো। 'অনুভব' কথাটির অর্থ কি? চৈতন্যদেবের আগমনে 'অনুভব' কোন তাৎপর্যে মন্ডিত হয়ে ওঠে?

৭। বৃন্দাবন দাস রচিত "চৈতন্যভাগবত" অনুসারে চৈতন্য অবতারের কারণগুলি ব্যাখ্যা করো।

৮। "মায়ের আছে তিনটি নয়ন"- কোন কবির রচনা? তিনটি নয়ন কি কি?

**গ) যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও।** **6x2=12**

১। কমলাকান্ত ভট্টাচার্যের পদ অবলম্বনে আগমনী ও বিজয়া পর্যায়ে মেনকার মাতৃহৃদয়ের বেদনা-কাতরতার পরিচয় দাও।

২। বাংলা ভাষার উদ্ভবের রূপরেখাটি অতি সংক্ষেপে আলোচনা করো।

৩। রামেশ্বর ভট্টাচার্যের 'শিব সংকীর্তন' মঙ্গলকাব্য না আখ্যানকাব্য তা যুক্তিসহ আলোচনা করো।

৪। বৃন্দাবন দাস রচিত "চৈতন্যভাগবত" অনুসারে যবন হরিদাসের চরিত্র বিশ্লেষণ করো।

P.Y.Q. 2024